যায়যায়দিন

তারিখ 6 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষামন্ত্রীর কাছে প্রাথমিক শিক্ষক সমিতির ১৭ দফা দাবি পেশ

যাযাদি রিপোর্ট

প্রাথমিক শিক্ষায় ১১ ধরনের প্রচলিত শিক্ষা পদ্ধতি বাতিল করে একমুখী প্রাথমিক শিক্ষা পদ্ধতি প্রবর্তনের দাবি জানিয়েছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি। মঙ্গলবার সংগঠনের ১৭ সদস্যের দাবি : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## দাবি : পেশ

*(শেষ পৃষ্ঠার পর)*

একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করে এ দাবি জানায়। এ সময় শিক্ষক সমিতির নেতারা সব স্তরের প্রাথমিক শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণ, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদায় উন্নীতকরণ, ১৯ বছর আগে সহকারী প্রধান শিক্ষকের সৃষ্ট পদ কার্যকর, প্রাথমিক বৃত্তি পরীক্ষা বাতিল করে পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষার মাধ্যমে বৃত্তি প্রদান করা, প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সব পর্যায়ের কমিটিতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করার দাবিসহ ১৭ দফা দাবি ও সুপারিশ তুলে ধরেন শিক্ষামন্ত্রীর কাছে।

এ সাক্ষাৎ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষক সমিতির নেতাদের মধ্যে নূরুল, আবছার, সিদ্দিকুর রহমান, কাজী আ কা ফজলুল হক, আবুল বাশার, গোলাম মোস্তফা, মতিউর রহমান প্রমুখ।